



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
ঢাকা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
(www.bepza.gov.bd)



সূত্র নং- ০৩.০৬.২৬৭২.৩৩৩.১৮.১৩৪.২৬-৬৯৭১

তারিখঃ ০৫/০৫/২০২৬ ইং

নিলাম বিজ্ঞপ্তি

ঢাকা ইপিজেডস্থ বন্ধ হয়ে যাওয়া price tickets, hang tags, integrated tags প্রস্তুতকারী শিল্প প্রতিষ্ঠান M/s. Regency Packaging Ltd., FSSFB #07 (Ground Floor-West Wing) (সম্প্রসারণ জোন) এর ইনভেন্টরীকৃত ও মূল্য নিরূপনকৃত মেশিনারি, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামের মাধ্যমে বিক্রয় অথবা পরিচালনার লক্ষ্যে আগ্রহী দেশী/ বিদেশী ক্রেতা/ কোম্পানীসমূহের নিকট হতে নিম্নলিখিত শর্তানুযায়ী সীলমোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্ত ও নিয়মাবলী :

- আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ ইপিজেডস্থ কোম্পানী (দেশী/ যৌথ বিনিয়োগ/ বিদেশী) অথবা ইপিজেডের বাহিরে অবস্থিত যেকোন ব্যক্তি/ প্রতিষ্ঠান উক্ত কোম্পানীর মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল “যেখানে যে অবস্থায় আছে” ক্রয়ের উদ্দেশ্যে নিলামে প্রচলিত বিধি মোতাবেক অংশগ্রহণ করতে পারবে।
- শিল্প প্রতিষ্ঠানটির বিদ্যমান মালামালসমূহের মধ্যে যেসকল মালামাল শুল্কমুক্তভাবে আমদানী করা হয়েছে সেসকল মালামাল ইপিজেডের বাহিরে শুল্ক এলাকায় ব্যবহারের ক্ষেত্রে সফল দরদাতা নিয়মানুযায়ী ভ্যাট, ট্যাক্স ও প্রদেয় কাষ্টমস শুল্ক পরিশোধ করবেন।
- বেপজার অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে জামানত বাবদ উদ্ধৃত মূল্যের ১৫% সমপরিমাণ অর্থ (সফল দরদাতার জন্য অফেরৎ যোগ্য এবং অসফল দরদাতার জন্য ফেরৎ যোগ্য) একটি মাত্র পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/এফডিডি অথবা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন মাধ্যমে দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করে জমা দিতে হবে। জামানত ব্যতীত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- আগামী ১০.০৬.২০২৬, ১১.০৬.২০২৬ এবং ১৪.০৬.২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত কোম্পানীর ইনভেন্টরীকৃত মেশিনারীজ, যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে এবং মালামাল পরিদর্শন ও মালামালের তালিকার বিষয়ে ঢাকা ইপিজেডের নির্বাহী পরিচালক এর সহিত সরাসরি যোগাযোগ করে জানা যাবে।
- কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গৃহীত হলে ১৫ দিনের মধ্যে সফল দরদাতাকে উদ্ধৃত মূল্যের সমুদয় অর্থের উপর প্রযোজ্য আয়কর ও ভ্যাটসহ অবশিষ্ট ৮৫% বেপজা বরাবরে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট/ এফডিডি অথবা বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন মাধ্যমে পরিশোধ করতে হবে এবং বেপজা ও কাষ্টমস কর্তৃপক্ষের নিয়মানুযায়ী যন্ত্রপাতি ও অন্যান্য মালামালসমূহ ডেলিভারী নিতে হবে।
- দরপত্র আগামী ১৪.০৬.২০২৬ তারিখ পর্যন্ত হিসাব শাখা, ঢাকা ইপিজেড, চট্টগ্রাম ইপিজেড, আদমজী ইপিজেড, মোংলা ইপিজেড, ঈশ্বরদী ইপিজেড, উত্তরা ইপিজেড, কুমিল্লা ইপিজেড ও কর্ণফুলি ইপিজেড এবং বেপজা নির্বাহী দপ্তরের হিসাব শাখা হতে অফিস চলাকালীন সময়ে ৫,০০০.০০ টাকার (অফেরৎ যোগ্য) বিনিময়ে ক্রয় করা যাবে।
- দরপত্রসমূহ আগামী ২২.০৬.২০২৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে নির্বাহী পরিচালক, ঢাকা ইপিজেড এর দপ্তরে রক্ষিত টেন্ডারবাক্সে জমা দেয়া যাবে এবং দাখিলকৃত দরপত্রসমূহ একই তারিখে দুপুর ১২:৩০ ঘটিকায় নির্বাহী পরিচালক, ঢাকা ইপিজেডের দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) উন্মুক্ত করা হবে। নিলাম দরপত্রের সাথে হালনাগাদ ভ্যাট, টিআইএন এবং ট্রেড লাইসেন্সের কপি সংযুক্ত করতে হবে; তবে ইপিজেডে বিনিয়োগে আগ্রহী সম্পূর্ণ নতুন শতভাগ বিদেশি মালিকানাধীন কোম্পানীর ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য।
- বন্ধ শিল্প প্রতিষ্ঠানটি পরিচালনায় আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ বিনিয়োগকারীর নিকট নিলামে বিক্রয়ের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে সফল দরদাতাকে বিধি মোতাবেক বেপজার প্রকল্প অনুমোদন প্রক্রিয়া অনুসরণপূর্বক ইপিজেডে শিল্প প্রতিষ্ঠান পরিচালনার অনুমতি গ্রহণ করতে হবে।
- কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল বা সকল দরপত্র বাতিল করা ছাড়া ও দরপত্র প্রত্যাশানুযায়ী পাওয়া না গেলে তা বাতিল করত: পরবর্তী ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

স্বা/-

(মোঃ শরিফুল ইসলাম)

নির্বাহী পরিচালক

ফোন: ০২-২২৪৪৯৮২৩৮

E-Mail: ed.depz@bepza.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্যঃ

- মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ব্লক-১২, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা, [নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।]
- কমিশনার, কাষ্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), সেগুনবাগিচা, ঢাকা।
- নির্বাহী পরিচালক (বিউ/ইএস), বেপজা, ঢাকা।
- প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা, বেপজা, ঢাকা ও নির্বাহী পরিচালক সকল ইপিজেড (দরপত্র বিক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- নির্বাহী পরিচালক (এমআইএস), বেপজা, ঢাকা (নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি বেপজা এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- নির্বাহী পরিচালক (জনসংযোগ), বেপজা, ঢাকা (আগামী ১০.০৫.২০২৬ তারিখের মধ্যে বিজ্ঞপ্তিটি দুইটি বহল প্রচারিত জাতীয় দৈনিক-(একটি ইংরেজী, একটি বাংলা) ও একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হল এবং ১০ কপি বাংলা ও ইংরেজী মূল বিজ্ঞপ্তি সংযুক্ত করা হল)।
- অতিরিক্ত নির্বাহী পরিচালক (হিসাব ও অর্থ/কঃ অঃ/শিঃ সঃ), ঢাকা ইপিজেড।
- একান্ত সচিবের মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
- পরিচালক (প্রশাসন), ঢাকা ইপিজেড।
- নির্বাহী প্রকৌশলী (পুর/বিদ্যুৎ), ঢাকা ইপিজেড।
- সমন্বয় কর্মকর্তার মাধ্যমে সদস্য (বিউ), বেপজা, ঢাকা।
- নথি।

০৫.০৫.২০২৬
নির্বাহী পরিচালক